

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়



বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)  
১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।  
Website: www.banbeis.gov.bd Email: info@banbeis.gov.bd

স্মারক নং- ৩৭.২০.০০০০.০০১.১৮.০০৬.২০১৮/২০৬১

তারিখঃ

২৬ মাঘ ১৪২৪  
৮ ফেব্রুয়ারি ২০১৮

বিষয় : বড় বিঘাই সিরাজিয়া বালিকা দাখিল মাদ্রাসার EIIN প্রদান।

সূত্র : ৩৭.০০.০০০০.০৮৫.০১৮.১৪.১৭-১২০, তারিখঃ ১৬/০১/২০১৭।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, পটুয়াখালী জেলার অন্তর্গত সদর উপজেলাধীন বড় বিঘাই সিরাজিয়া বালিকা দাখিল মাদ্রাসার EIIN এর জন্য পরিচালক ব্যানবেইস বরাবর online এ আবেদন করেছেন। উক্ত প্রতিষ্ঠানের দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনা করে দেখা যায় যে, প্রতিষ্ঠানটি ১৯৮৬ইং সনে প্রতিষ্ঠিত এবং ০১/০১/১৯৮৮ইং সন থেকে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক অনুমতি প্রাপ্ত। পরবর্তীতে ০৮/০৬/২০১৫ তারিখে ০১/০১/২০১৪ হতে ৩১/১২/২০১৮ তারিখ পর্যন্ত ৫(পাঁচ) বছরের জন্য দাখিল স্তরে স্বীকৃতি নবায়ন করে (পতাকা-ক)।

২। ১৬ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক ৩৭.০০.০০০০.০৮৫.০১৮.১৪.১৭-১২ এর পত্রে বড় বিঘাই সিরাজিয়া বালিকা দাখিল মাদ্রাসার EIIN পাওয়ার জন্য উক্ত মাদ্রাসার হালনাগাদ তথ্যসহ বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হয়েছে। উক্ত চিঠিতে পরিচালক ব্যানবেইসকে কোন কপি দেওয়া হয়নি (পতাকা-খ)।

৩। উক্ত প্রতিষ্ঠান ০১/০১/২০১৮ তারিখ থেকে পাঠদানের অনুমতি প্রাপ্ত হলেও অদ্যাবধি ব্যানবেইস থেকে কোন EIIN গ্রহণ করে নাই এবং ব্যানবেইস এর কোন জরিপে অংশগ্রহণ করে নাই।

৪। এমতবস্থায় উক্ত প্রতিষ্ঠানটিকে EIIN প্রদান করা হবে কি-না সদয় নির্দেশনা প্রয়োজন।

সচিব  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(দৃঃ আঃ সহকারী সচিব (মাদ্রাসা-১)।

  
(মোঃ ফসিউল্লাহ)  
অতিরিক্ত সচিব  
পরিচালক  
ফোনঃ ৯৬৬৫৪৫৭

অবগতিঃ

১। সুপার, বড় বিঘাই সিরাজিয়া বালিকা দাখিল মাদ্রাসা  
গ্রাম-পূর্ব কেওয়ারুনিয়া, ডাকঘর-খাটালিয়াবাজার, উপজেলা-সদর, পটুয়াখালী।